গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
unothkurgaonsadar.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৯৪৯৪.০০০.৩৭.০০২.১৯-১০৪৮

তারিখ ঃ ০৯ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
২৪ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয় : "মশক নিধন ও পরিচ্ছনতা সপ্তাহ" উপলক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় কার্যালয়ের স্থানীয় সরকার শাখা'র স্মারক নং- ০৫.৫৫.৯৪০০.০০৯.১৮.০০০.১৯.১৫৭(৪৫), তারিখ-২৪ জুলাই'২০১৯খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে মশক নিধন এবং মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে গত ১৩ জুলাই ২০১৯ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় আগামী ২৫-৩১ জুলাই ২০১৯ পর্যন্ত "সারা দেশব্যাপী মশক নিধন ও পরিচ্ছনতা সপ্তাহ" পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে ঠাকুরগাঁও সদর উপজেলায় প্রতিটি ইউনিয়নের জনগণকে সম্পৃক্ত করে মাইকিং এর মাধ্যমে বিভিন্ন প্রচারণা চালাতে হবে। এছাড়াও জনগণকে মশাবাহিত রোগ ও স্বাস্থ্যবিষয়ক পরামর্শ প্রদানের জন্য প্রতিটি ইউনিয়নে র‍্যালী, পোষ্টার বিতরনের মাধ্যমে মশক নিধন ও পরিচ্ছনতা সপ্তাহ পালনের জন্য সূত্রোক্ত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, তাঁর ইউনিয়নের জনগণকে সম্পৃক্ত করে মশক নিধন ও পরিচ্ছনতা সপ্তাহ উপলক্ষ্যে মাকিং, র‍্যালী এবং পোষ্টার বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে ০৬(ছয়) পাতা।

২৪/৭/১৯

(আব্দুল্লাহ-আল-মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
ফোন-০৫৬১-৬১৫০০।

চেয়ারম্যান
....ইউপি
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-
১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
৪। অফিস কপি।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও
(স্থানীয় সরকার শাখা)
www.thakurgaon.gov.bd

"মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ পালন" উপলক্ষে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী :

সভাপতি : ড. কে এম কামরুজ্জামান সেলিম, জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

সভার তারিখ ও সময় : ২৩/০৭/২০১৯ খ্রিস্টাব্দ, বিকাল- ৪.০০ টা ।

সভার স্থান : জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর সভা কক্ষ।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-'ক'

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানানোর মধ্য দিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, সারাদেশে মশক নিধন এবং মশাবাহিত রোগ প্রতিরোধকল্পে গত ১৩ জুলাই ২০১৯ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় আগামী ২৫-৩১ জুলাই ২০১৯ পর্যন্ত "সারা দেশব্যাপী মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ" পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ সিদ্ধান্ত অনুযায়ী জেলা পর্যায়ে গঠিত কমিটির "মশক নিধন ও পরিচ্ছন্নতা সপ্তাহ পালন" উপলক্ষে প্রস্তুতিমূলক সভার আয়োজন করা হয়।

জেলা পর্যায়ে গঠিত কমিটি নিম্নরুপ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১	জেলা প্রশাসক	সভাপতি
২	পুলিশ সুপার	সদস্য
৩	সিভিল সার্জন	সদস্য
৪	চেয়ারম্যান, জেলা পরিষদ এর প্রতিনিধি	সদস্য
৫	চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)	সদস্য
৬	উপজেলা নির্বাহী অফিসার (সকল)	সদস্য
৭	মেয়র, জেলার সকল পৌরসভা	সদস্য
৮	জেলা শিক্ষা অফিসার	সদস্য
৯	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	সদস্য
১০	নির্বাহী প্রকৌশলী , এলজিইডি	সদস্য
১১	নির্বাহী প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	সদস্য

১২	নির্বাহী প্রকৌশলী , সড়ক ও জনপথ অধিদপ্তর	সদস্য
১৩	নির্বাহী প্রকৌশলী , গনপূর্ত বিভাগ	সদস্য
১৪	পরিচালক/উপ-পরিচালক,পরিবেশ অধিদপ্তর	সদস্য
১৫	উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর	সদস্য
১৬	উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর	সদস্য
১৭	জেলা সমবায় কর্মকর্তা	সদস্য
১৮	জেলা কমান্ড্যান্ট,বাংলাদেশ আনসার ও ভিডিপি	সদস্য
১৯	উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা	সদস্য
২০	জেলা তথ্য কর্মকর্তা	সদস্য
২১	সভাপতি/সাধারণ সম্পাদক,প্রেসক্লাব,সংশ্লিষ্ট জেলা	সদস্য
২২	সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাস্ট্রিজ	সদস্য
২৩	জেলা কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল	সদস্য
২৪	সম্পাদক, জেলা স্কাউটস	সদস্য
২৫	৫ জন গণ্যমান্য ব্যক্তি (১) জনাব মাহবুবর রহমান খোকন, সহ সভাপতি, জেলা আওয়ামীলীগ, ঠাকুরগাঁও। (২) জনাব দৌপদী দেবী আগরওয়ালা, সভাপতি, মহিলা আওয়ামীলীগ , ঠাকুরগাঁও। (৩) জনাব মনতোষ কুমার দে, বিশিষ্ট শিক্ষাবিদ, ঠাকুরগাঁও । (৪) জনাব দীপক কুমার, যুগ্ন সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ, ঠাকুরগাঁও। (৫) জনাব মোঃ নজরুল ইসলাম স্বপন,সদস্য জেলা পরিষদ ও যুগ্ন সাধারণ সম্পাদক, জেলা আওয়ামীলীগ, ঠাকুরগাঁও।	সদস্য
২৬	উপ-পরিচালক, স্থানীয় সরকার	সদস্য-সচিব

সভাপতি ও জেলা প্রশাসক, সাধারণ মশা ও এডিস মশার প্রজনন রোধে সবাইকে নিজ নিজ এলাকা পরিস্কার-পরিচ্ছন্ন রাখার আহ্বান জানান। তিনি আরোও বলেন, জলবায়ু পরিবর্তন ও বর্ষা মৌসুমে সাধারণ মশা ও এডিস মশার প্রজনন বৃদ্ধি পেয়ে থাকে। যার ফলে ডেঙ্গু জ্বর ও চিকুনগুনিয়া রোগ ছড়ায় এ ব্যাপারে সকলকে সতর্ক থাকতে হবে। যত্রতত্র ময়লা-আবর্জনা ও ড্রেনের মধ্যে আবর্জনা ফেলা যাবে না। এতে জলাবদ্ধতা সৃষ্টি হয়ে মশার বংশ বিস্তার করে। এছাড়া দুর্গন্ধ ছড়িয়ে পরিবেশ নষ্ট হয়। যেখানে স্বচ্ছ পানি তিন দিনের বেশি থাকে সেখানে এডিস মশা জন্মে । এডিস মশার এই উৎপত্তিস্থল ধ্বংস করতে হবে। তাই নিজের ঘরবাড়ির আঙ্গিনা নিজেদের পরিস্কার রাখতে হবে।

সভায় উপস্থিত উপপরিচালক, স্থানীয় সরকার বলেন, সকল প্রকার ড্রেন, নালা, খাল, জলাশয়, মজা পুকুর হতে কচুরিপানাসহ অন্যান্য ময়লা পরিস্কার করতে হবে। স্থানীয় মিডিয়াকে সম্পৃক্ত করে উপজেলা নির্বাহী অফিসারগণের সহায়তায় প্রত্যেক পৌরসভা, ইউনিয়ন পরিষদে মাইকিং এর মাধ্যমে বিভিন্ন প্রচারনা চালাতে হবে। এছাড়াও জনগণকে মশাবাহিত রোগ ও স্বাস্থ্যবিষয়ক পরামর্শ প্রদানের জন্য র‌্যালী, পোষ্টারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত কর্মসূচী ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক	সিদ্ধান্ত	বাস্তবায়নে	বাস্তবায়নের সময়কাল
১	সকল প্রকার ড্রেন, নালা, খাল, জলাশয়, মজা পুকুর হতে কচুরিপানাসহ অন্যান্য ময়লা পরিস্কার করতে হবে।	১। মেয়র, পৌরসভা (সকল) ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)	২৫ জুলাই - ৩১ জুলাই, ২০১৯ পর্যন্ত
২	সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান ওয়ার্ড/পাড়া/মহল্লাভিত্তিক সকল প্রকার ড্রেন, নালা, খাল, জলাশয়, মজা পুকুরের তালিকা করে উক্ত তালিকা অনুযায়ী কোন দিন কোন এলাকায় কাজ করা হবে তার সময়সূচী নির্ধারণ করে জানাতে হবে।	১। মেয়র, পৌরসভা (সকল) ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)	২৫ জুলাই - ২৮ জুলাই, ২০১৯ পর্যন্ত
৩	স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে মশক জন্মানোর সকল স্থানে (তালিকা অনুযায়ী ওয়ার্ড/পাড়া/মহল্লাভিত্তিক সময়সূচি নির্ধারণ করে প্রয়োজনীয় লার্ভিসাইড ও সকল স্থানে এডাল্টিসাইড প্রয়োগ করতে হবে।	১। মেয়র, পৌরসভা (সকল) ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)	২৫ জুলাই - ৩১ জুলাই, ২০১৯ পর্যন্ত
৪	বসত বাড়ি/সরকারি-বেসকারি প্রতিষ্ঠানের চারপাশে মশা বিস্তারের স্থানসমূহ সম্পর্কে জনগণকে অবহিত করতে হবে।	১। দপ্তর/সংস্থা প্রধান(সকল) ২। মেয়র, পৌরসভা (সকল) ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)	২৫ জুলাই - ৩১ জুলাই, ২০১৯ পর্যন্ত